# বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
## ময়মনসিংহ

ইনস্টিটিউট কর্তৃক বাস্তবায়নাধীন 'চাঁদপুর নদী কেন্দ্রে ইলিশ গবেষণা জোরদারকরণ' শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) ১০ম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | ড. ইয়াহিয়া মাহমুদ, মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট |
| স্থান | ঃ | সম্মেলন কক্ষ, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ |
| তারিখ ও সময় | ঃ | ২৭.১২.২০২১খ্রি., সকাল ১১.০০ ঘটিকা |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-ক |

২. সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতি মহোদয় সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালককে আহবান জানান। প্রকল্প পরিচালক সভাপতি মহোদয়ের অনুমোদনক্রমে সভার আলোচ্যসূচী উপস্থাপন করেন। সভাপতি মহোদয় প্রকল্পের ২০২১-২২ অর্থ বছরের কর্মপরিকল্পনা জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান ডিপিপি অনুযায়ী কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। প্রকল্প পরিচালক বলেন প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে ৩৪৭৪.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি/২০১৭ থেকে জুন/২০২২ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। প্রকল্পের শুরু হতে নভেম্বর/২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ২৭৭২.২২ লক্ষ টাকা, যা মোট বরাদ্দের ৭৯.৮০%। চলতি ২০২১-২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ রয়েছে ৬২৯.০০ লক্ষ (রাজস্ব ৩৭৯.০০ লক্ষ + মুলধন ২৫০.০০ লক্ষ) টাকা। বরাদ্দকৃত অর্থের ১ম ও ২য় কিস্তি বাবদ ছাড়কৃত অর্থের পরিমান ৩১৪.৫০ লক্ষ টাকা এবং নভেম্বর/২০২১ পর্যন্ত ব্যয় হয়েছে ৯৯.০৫ লক্ষ টাকা, যা এডিপি বরাদ্দের ১৫.৭৫%। সভাপতি মহোদয় এডিপি বাস্তবায়নরে হার কম হওয়ার কারন জানতে চাইলে প্রকল্প পরিচালক বলেন পূর্ত কাজগুলোর বিল প্রদান করলে এডিপি বাস্তবায়ন হার বৃদ্ধি পাবে। এ পর্যায়ে সভাপতি মহোদয় পূর্তসহ সকল কাজ গুণগতমান বাজায় রেখে নিদিষ্ট সময়ের মধ্যে কার্যসম্পাদন করার জন্য প্রকল্প পরিচালককে নির্দেশ প্রদান করেন।

৩. আইএমইডি'র প্রতিনিধি জুম অ্যাপ এর মধ্যমে অংশগ্রহণ করে গবেষণার অগ্রগতি জানতে চাইলে প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পের আওতায় নয়টি (০৯) গবেষণা কর্মসূচির মধ্যে ০৬ টির কার্যক্রম জুন/২১ শেষ হয়েছে এবং বাকি ০৩টি গবেষণা কর্মসূচির কাজ আগামী জুন/২২ সমাপ্ত হবে। প্রকল্প পরিচালক সভায় উল্লেখ্য করেন ইলিশ গবেষণা জোরদারকরণ প্রকল্পের আওতায় ইলিশের প্রকৃত মজুদ এবং সর্বোচ্চ সহনশীল উৎপাদন (MSY) নিশ্চিত করা হয়েছে। দক্ষিণাঞ্চলের বলেশ্বর নদীতে ৫০ কি.মি. দৈর্ঘ্য প্রস্তাবিত এলাকাকে ব্রিডিং গ্রাউন্ড হিসেবে ঘোষণার জন্য প্রস্তাব করা হয়েছে। গ্লোবাল পজিশনিং সিস্টেম (GPS) ব্যবহার করে ব্রিডিং গ্রাউন্ড এলাকা নির্ধারণ করেছে। প্রস্তাবিত ব্রিডিং গ্রাউন্ড এলাকা হচ্ছে-বাগেরহাট জেলার শরণখোলা উপজেলার বগী বন্দর থেকে বাগেরহাট জেলার শরণখোলা উপজেলার পক্ষীর চর সংলগ্ন পয়েন্ট পর্যন্ত এবং পিরোজপুর জেলার মঠবাড়িয়া উপজেলার সাপলেজা থেকে পটুয়াখালী (বরগুনা জেলার সীমানা সংলগ্ন) জেলার কলাপাড়া উপজেলার লতাচাপলী ইউনিয়ন এর লেবুর বাগান পয়েন্ট পর্যন্ত। এছাড়াও প্রকল্পের আওতায় ইলিশের ভ্যালু অ্যাডেড পণ্য হিলসা ফিশ ক্র্যাকারস, হিলসা ফিশ বল, হিলসা কারি উৎপাদন করা হয়েছে। এ পর্যায়ে সভাপতি মহোদয় বলেন বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের গবেষণা তথ্যের ভিত্তিতে দেশে ইলিশের ৬টি অভয়াশ্রম প্রতিষ্ঠা করা হয়েছে এবং মা ইলিশ ও জাটকা ধরা নিষিদ্ধকালীন সময় নির্ধারণ করা হয়েছে। এর ওপর ভিত্তি করে মাঠ পর্যায়ে তা বাস্তবায়ন করা হচ্ছে। সভাপতি মহোদয় বলেন বর্ণিত প্রকল্পের আওতায় পরিচালিত গবেষণা ও গবেষণালব্ধ ফলাফল আগামীতে ইলিশের উৎপাদন বৃদ্ধিতে সহায়ক ভূমিকা রাখবে এবং তিনি সকল গবেষণার ফলাফল প্রকশনা আকারে সংরক্ষণ করতে প্রকল্প পরিচালককে নির্দেশ প্রদান করেন।

৪. পরিকল্পনা কমিশনের প্রতিনিধি জুম অ্যাপ এর মধ্যমে অংশগ্রহণ করে প্রকল্পের সার্বিক অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন বর্ণিত প্রকল্পটি চলতি ২০২১-২২ অর্থবছরে সমাপ্তরে জন্য নির্ধারিত। প্রকল্প সমাপ্তির জন্য আরএডিপিতে অতিরিক্ত অর্থের প্রয়োজন হলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে যোগাযোগ করার জন্য প্রকল্প পরিচালককে নির্দেশ প্রদান করেন। প্রকল্প পরিচালক বলেন আরএডিপিতে অতিরিক্ত ১.৭২ লক্ষ টাকার প্রস্তাব মন্ত্রণালয়ের প্রেরণ করা হয়েছে। এ পর্যায়ে জুম অ্যাপ-এর মধ্যমে অংশগ্রহণ করে আইএমইডি ও মন্ত্রণালয়ের প্রতিনিধি একমত প্রকাশ করেন। সভাপতি মহোদয় আরএডিপিতে অতিরিক্ত অর্থের সংস্থানের বিষয়টি ফলোআপ করার জন্য প্রকল্প পরিচালককে নির্দেশ প্রদান করেন।

৫. সভাপতি প্রকল্পের আওতায় জাহাজ ক্রয়ের অগ্রগতি জানতে চাইলে প্রকল্প পরিচালক বলেন, জাহাজটির সকল ইকুইপমেন্ট ও মেশিনারিসমূহ কমিশনিং পূর্বক Acceptance Trial গত ১৯ আগষ্ট ২০২১ তারিখে টেকনিক্যাল কমিটির উপস্থিতিতে সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে। ইতোমধ্যে ইনস্টিটিউটের ১০জন কর্মকর্তা/কর্মচারীদের ১৪দিনের ট্রেনিং সম্পূর্ন করা হয়েছে। ভেসেলটি মাননীয় মন্ত্রী, সচিব ও অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে বেশ আড়ম্বরপূর্ণ অনুষ্ঠানের মাধ্যমে হস্তান্তর করার জন্য সম্পূর্ণরূপে প্রস্তুত রয়েছে। এ পর্যায়ে সভাপতি মহোদয় আনুষ্ঠানিকভাবে জাহাজটি হস্তান্তরের জন্য মন্ত্রণালয়কে অবহিত করার জন্য প্রকল্প পরিচালককে নির্দেশ প্রদান করেন।

৬. প্রকল্প পরিচালক বলেন গত ০৮ নভেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত ইনস্টিটিউটের কারিগরি কমিটির ৩য় সভার সিদ্ধান্ত ০২(০৯) এর আলোকে চলতি অর্থবছরে আলোচ্য প্রকল্পটি সমাপ্ত হবে বিধায় প্রকল্পটি ২য় পর্যায়/নতুন প্রকল্প চালুর বিষয়ে সদয় বিবেচনার জন্য আলোচনা করা যেতে পারে। এ পর্যায়ে সভাপতি মহোদয় বিষয়টি প্রকল্পের পরবর্তী স্টিয়ারিং কমিটির সভায় উপস্থাপন করার জন্য প্রকল্প পরিচালককে নির্দেশ প্রদান করেন। এ পর্যায়ে জুম অ্যাপ-এর মধ্যমে অংশগ্রহণ করে আইএমইডি ও মন্ত্রণালয়ের প্রতিনিধি একমত প্রকাশ করেন।

৭. অত:পর বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) প্রকল্পের আওতায় পরিচালিত গবেষণা ও গবেষণালব্ধ ফলাফল প্রকাশনা আকারে সংরক্ষণ করতে হবে।

খ) অনুষ্ঠানিকভাবে জাহাজটি হস্তান্তরের জন্য মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

গ) আলোচ্য প্রকল্পটি চলতি অর্থবছরে সমাপ্ত হবে বিধায় প্রকল্পটি ২য় পর্যায়/নতুন প্রকল্প চালুর বিষয়ে প্রকল্পের পরবর্তী স্টিয়ারিং কমিটির সভায় উপস্থাপন করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭।১৫।২১

(ড. ইয়াহিয়া মাহমুদ)
মহাপরিচালক
ও
সভাপতি, পিআইসি

চাঁদপুর নদী কেন্দ্রে ইলিশ গবেষণা জোরদারকরণ (২য় সংশোধিত) প্রকল্পের পিআইসি'র ১০ম সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা ঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | প্রতিষ্ঠানের নাম/ই-মেইল/ফোন নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | ড. মো. জুলফিকার আলী<br>CSO | BFRI | |
| ০২ | মোঃ শহীদুল ইসলাম<br>PSO | BFRI | |
| ০৩ | ড. মো. খলিলুর রহমান<br>পরিচালক (চ ও প্র) | BFRI | |
| ০৪ | মো: আবুল বাশার<br>প্রকল্প পরিচালক | BFRI | |
| ০৫ | | | |
| ০৬ | | | |
| ০৭ | | | |
| ০৮ | | | |
| ০৯ | | | |
| ১০ | | | |

চাঁদপুর নদী কেন্দ্রে ইলিশ গবেষণা জোরদারকরণ (২য় সংশোধিত) প্রকল্পের পিআইসি'র ১০ম সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা ঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | প্রতিষ্ঠানের নাম/ই-মেইল/ফোন.নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোহাঃ [illegible]<br>উপসচিব | মৎস্য ও প্রা: ম: | [illegible] |
| ০২ | | | |
| ০৩ | | | |
| ০৪ | | | |
| ০৫ | | | |
| ০৬ | | | |
| ০৭ | | | |
| ০৮ | | | |
| ০৯ | | | |
| ১০ | | | |

চাঁদপুর নদী কেন্দ্রে ইলিশ গবেষণা জোরদারকরণ (২য় সংশোধিত) প্রকল্পের পিআইসি'র ১০ম সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা ঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | প্রতিষ্ঠানের নাম/ই-মেইল/ফোন নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | সৈয়দ জাহিদুল আলম<br>উপপ্রধান<br>কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ<br>পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়<br>গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার | | S.J.A...<br>29/12/2022 |
| ০২ | | | |
| ০৩ | | | |
| ০৪ | | | |
| ০৫ | | | |
| ০৬ | | | |
| ০৭ | | | |
| ০৮ | | | |
| ০৯ | | | |
| ১০ | | | |

# চাঁদপুরস্থ নদী কেন্দ্রে ইলিশ গবেষণা জোরদারকরণ প্রকল্প
## বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
নদী কেন্দ্র, চাঁদপুর-৩৬০২

পত্র নং- ৩৩.০৪.০০০০.১২২.১৯.৪০৪.১৭-২৪৯৯ তারিখ: ২৩.১২.২০২১খ্রি.

## সভার নোটিশ

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট কর্তৃক বাস্তবায়নাধীন চাঁদপুর নদী কেন্দ্রে ইলিশ গবেষণা জোরদারকরণ (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের পিআইসি'র ১০ম সভা আগামী ২৭/১২/২০২১খ্রি. তারিখ সোমবার সকাল ১১:০০ ঘটিকায় ইনস্টিটিউটের সদর দপ্তরের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হবে। ইনস্টিটিউটের মহাপরিচালক ড. ইয়াহিয়া মাহমুদ উক্ত সভায় সভাপতিত্ব করবেন। সভায় মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি, পরিকল্পনা কমিশনের প্রতিনিধি ও আইএমইডির প্রতিনিধি Zoom apps এর মাধ্যমে অংশগ্রহনের জন্য সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

০২. উক্ত সভায় কমিটি'র সদস্যবৃন্দকে যথাসময়ে উপস্থিত/উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

সভার আলোচ্য সূচীঃ
ক) প্রকল্পের কার্যক্রম সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
খ) চলতি ২০২১-২২ অর্থ বছরের ক্রয় ও কর্মপরিকল্পনা পর্যালোচনা ও
গ) বিবিধ।

২৩.১২.২০২১

(মো: আবুল বাশার)
প্রকল্প পরিচালক
মোবাইল: ০১৭১৭-৬৭১৮১৯
ই-মেইল: mabashar.bfri@gmail.com

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :
১। মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট ও সভাপতি, প্রকল্প বাস্তবায়ন কমিটি।
২। পরিচালক (গবেষণা ও পরিকল্পনা), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট ও সদস্য, প্রকল্প বাস্তবায়ন কমিটি।
৩। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিকল্পনা ও মূল্যায়ন), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট ও সদস্য, প্রকল্প বাস্তবায়ন কমিটি।
৪। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি ও সদস্য, প্রকল্প বাস্তবায়ন কমিটি।
৫। পরিকল্পনা কমিশনের প্রতিনিধি ও সদস্য, প্রকল্প বাস্তবায়ন কমিটি।
৬। আইএমইডির প্রতিনিধি ও সদস্য, প্রকল্প বাস্তবায়ন কমিটি।
৭। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিকল্পনা ও মূল্যায়ন শাখা), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট ও সদস্য, প্রকল্প বাস্তবায়ন কমিটি।
৮। সংশ্লিষ্ট নথি/মাষ্টার নথি।